

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৮.২০. ৬২৪

তারিখ: ০২ কার্তিক ১৪২৮  
১৮ অক্টোবর ২০২১

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব আমিনুল হক (১২৫৫৯), সহযোগী অধ্যাপক (সমাজবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত: এম.সি.কলেজ, সিলেট, College Education Development Project (CEDP) এর আওতায় ইউনিভার্সিটি অব নটিংহাম মালয়েশিয়া ক্যাম্পাস (ইউএনএমসি)-এ Masters of Arts in Education এর ১ম সেমিস্টার প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে মাষ্টার ট্রেইনার কোর্স-২ এর একজন প্রশিক্ষণার্থী হিসেবে নির্দিষ্ট সময়ের মধ্যে ইউএনএমসি এর টিউটরদের সহযোগিতায় ০২টি মৌলিক এ্যাসাইনমেন্ট তৈরি করে দাখিল করার শর্ত ছিল। কিন্তু তিনি মাষ্টার ট্রেইনার কোর্স-২ এর প্রথম সেমিস্টারে ফেল ও এ্যাসাইনমেন্ট নন-সাবমিশনের কারণে মাষ্টার্স কোর্স থেকে বহিস্কৃত (টারমিনেটেড) হন;

যেহেতু, তিনি উক্ত এ্যাসাইনমেন্ট এর মূল্যায়নের ভিত্তিতে ইউএনএমসি কর্তৃক প্রেরিত ফলাফলে মাষ্টার ট্রেইনার কোর্স-২ এর প্রথম সেমিস্টারে ফেল ও নন-সাবমিশনের কারণে বহিস্কৃত (টারমিনেটেড) হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর (ক) ও ৩ (খ) অনুযায়ী “অদক্ষতার” ও “অসদাচরণ” এর অপরাধে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন এবং সে মোতাবেক গত ২৭/০৯/২০২০ খ্রিস্টাব্দে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানী শেষে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্তের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত এ্যাসাইনমেন্ট নন-সাবমিশনের অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাঁকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব আমিনুল হক (১২৫৫৯), সহযোগী অধ্যাপক (সমাজবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত: এম.সি.কলেজ, সিলেট-এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে  
স্বাক্ষরিত/-  
তারিখ: ১৭.১০.২০২১  
(মোঃ মাহবুব হোসেন)  
সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৮.২০. ৬২৪/৩(৬)

তারিখ: ০২ কার্তিক ১৪২৮  
১৮ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব আমিনুল হক এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ, নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .....
- ৬। জনাব আমিনুল হক (১২৫৫৯), সহযোগী অধ্যাপক (সমাজবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত: এম.সি. কলেজ, সিলেট।

  
১৮/১০/২০২১  
(চৌধুরী সামিয়া ইয়াসমীন)  
উপসচিব  
ফোন: ৯৫৫৩২৭৬